কালের কণ্ঠ

তারিখ ... 10 MAR 2016 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...১ ...

৭১ লেখক সংবর্ধনা অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

# উচ্চশিক্ষায় আরো বাস্তবসম্মত বিষয় খুলতে হবে

**নিজস্ব প্রতিবেদক ▷**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'দেশে শিক্ষিত বেকারের সংখ্যা বাড়ছে। এর অন্যতম কারণ হচ্ছে তারা গতানুগতিক শিক্ষা গ্রহণ করেছে। এ জন্য বিষয় বাছাই খুবই গুরুত্বপূর্ণ। আর বিশ্ববিদ্যালয়গুলোকেও শুধু বিষয় বাড়ালেই চলবে না। যে বিষয়গুলো বাস্তব জীবনে প্রয়োগ করা যায় সেগুলো খুলতে হবে। বিশ্ববিদ্যালয়গুলোতে গবেষণা আরো বাড়াতে হবে।'

গতকাল বুধবার বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) লেখক সংবর্ধনা ২০১৬ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। ইউজিসি অডিটরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে সংস্থাটির গবেষণা ও প্রকাশনা বিভাগ থেকে প্রকাশিত লেখকদের মধ্যে ৭১ জনকে এই প্রথমবারের মতো সংবর্ধনা দেওয়া হয়। লেখকদের মধ্যে ৫৯ জন সরকারি বিশ্ববিদ্যালয়ের ও ১০ জন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং দুজন ইউজিসির কর্মকর্তা। লেখকদের প্রত্যেককে একটি করে ক্রেস্ট ও সনদ দেওয়া হয়।

শিক্ষামন্ত্রী বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে আরো বলেন, '৯১টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ২৭টি এরই মধ্যে নিজস্ব ক্যাম্পাসে চলে গেছে। যারা নির্দিষ্ট সময়ের মধ্যে শর্ত পূরণ করতে ব্যর্থ হবে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। যারা সার্টিফিকেট বিক্রি করবে তারা টিকে থাকতে পারবে না। বিশ্ববিদ্যালয়ে মুনাফা চলবে না, সার্টিফিকেট বিক্রি চলবে না। নিয়ম মেনেই চলতে হবে।'

শিক্ষার মানের ব্যাপারে শিক্ষামন্ত্রী বলেন, 'শিক্ষা খাতে ব্যাপক পরিবর্তন হয়েছে। শতভাগ শিশু স্কুলে ভর্তি হয়। প্রাথমিক-মাধ্যমিকে আমরা জেন্ডার সমতা নিশ্চিত করেছি। তবে আমরা মানের দিক থেকে পিছিয়ে আছি। রাতারাতি মান বাড়ানো সম্ভব নয়।'

ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নানের সভাপতিত্বে এতে আরো বক্তব্য দেন সংস্থাটির সদস্য অধ্যাপক ড. দিল আফরোজা বেগম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ড. আনোয়ারুল আজিম আরিফ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক প্রফেসর ড. আয়শা বেগম প্রমুখ।